

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ৩১ আগস্ট ২০১৬ খ্রিঃ

জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা, ২০১০ এবং “জেলা ভিত্তিক সর্বোচ্চ ও দীর্ঘসময় আয়কর প্রদানকারী করদাতাদের পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৮” সংশোধনের পরিকল্পনা নিয়েছে এনবিআরঃ করদাতাদের অধিকতর সম্মাননা ও সুবিধার বিষয়ে দেয়া হচ্ছে সর্বোচ্চ অগ্রাধিকার

সং করদাতাদের উৎসাহিত করা এবং সরকার কর্তৃক যথাযথ স্বীকৃতি/সম্মাননা প্রদানের মাধ্যমে কর প্রদানের সক্ষম ব্যক্তি পর্যায়ে করদাতাকে জাতীয় স্বার্থে এবং দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে স্বেচ্ছায় কর প্রদানে অনুপ্রাণিত করতে “জেলা ভিত্তিক সর্বোচ্চ ও দীর্ঘসময় আয়কর প্রদানকারী করদাতাদের পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৮” এর আলোকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সম্মাননা’র ব্যক্তি ও সংখ্যা বৃদ্ধির গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছে জাতীয় রাজস্ব বোর্ড। শুল্ক, মুসক ও আয়কর অনুবিভাগের কার্যক্রমে গতিশীলতা আনয়নের পাশাপাশি করদাতাদের কর প্রদানে উৎসাহ দেওয়ার জন্য নেয়া হচ্ছে বিভিন্ন গঠনমূলক কর্মসূচি। প্রণয়ন করা হচ্ছে করদাতা-বান্ধব নীতিমালা। সৃজিত হচ্ছে সর্বত্র ইতিবাচক পরিবর্তন সমৃদ্ধ রাজস্ব-বান্ধব সংস্কৃতি।

পরিবর্তনের এ ধারাবাহিকতায় সম্মানিত করদাতাদের অধিকতর সম্মাননা ও সুবিধার বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা, ২০১০ (সংশোধিত) তৈরির পরিকল্পনা নিয়েছে এনবিআর। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ৩০/০৮/২০১৬ তারিখে ৮ম বোর্ড সভায় খসড়া নীতিমালাটি উপস্থাপিত হলে কতিপয় সংশোধন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। বোর্ড সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।


বোর্ড সভায় ব্যক্তি পর্যায়ে প্রস্তাবিত ৫০ (পঞ্চাশ)টি ট্যাক্স কার্ডের স্থলে নতুন করদাতাদের মধ্যে হতে ৭টি ট্যাক্স কার্ডসহ ৫৭ (সাতান্ন)টি ট্যাক্স কার্ডের প্রস্তাব করা হয়েছে। এছাড়া প্রস্তাবিত “জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা, ২০১০ সংশোধন অনুসারে কতিপয় গুরুত্বপূর্ণ সংশোধনী আনা হয়েছে, যা নিম্নরূপঃ

- সর্বোচ্চ কর পরিশোধের ভিত্তিতে ২০ (বিশ) টি ট্যাক্স কার্ডের স্থলে মোট ট্যাক্স কার্ডের সংখ্যা হবে ১০৮ (একশত আট) টি।
- ব্যক্তি পর্যায়ে ১০ (দশ)টির স্থলে ৫৭ (সাতান্ন) টি, কোম্পানী পর্যায়ে ১০ (দশ)টির স্থলে ৪০ (চল্লিশ) টি এবং নতুনভাবে অন্যান্য পর্যায়ে ১১ (এগারো) টি ট্যাক্স কার্ড প্রদান করা হবে।
- ব্যক্তি পর্যায়ে করদাতার ক্ষেত্রে ০৯ (নয়) ক্যাটাগরির আয়ের উৎস/পেশার ভিত্তিতে এবং ০৫ (পাঁচ) ক্যাটাগরির বিশেষ শ্রেণির আলোকে ট্যাক্স কার্ড প্রদান করা হবে।
- আয়ের উৎস/পেশার ভিত্তিতে ট্যাক্স কার্ডের জন্য মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট উৎসের আয়কে নির্ণায়ক হিসেবে বিবেচ্য হবে।
- কোম্পানী পর্যায়ে করদাতার ক্ষেত্রে ১২ (বার) ক্যাটাগরিতে ট্যাক্স কার্ড প্রদান করা হবে। ট্যাক্স কার্ডের জন্য মনোনয়নের ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ক্যাটাগরির আয় নির্ণায়ক হিসেবে বিবেচ্য হবে।
- অন্যান্য পর্যায়ে ক্ষেত্রে ০৪ (চার) ক্যাটাগরির (যথা: ফার্ম, স্থানীয় কর্তৃপক্ষ, ব্যক্তি সংঘ এবং অন্যান্য) করদাতাকে ট্যাক্স কার্ড প্রদান করা হবে।
- ট্যাক্স কার্ডের জন্য মনোনীত করদাতা বিমান বন্দরে সিআইপি লাউঞ্জ ব্যবহার সুবিধা পাবেন।
- ট্যাক্স কার্ডের জন্য মনোনীত করদাতা তারকা হোটেলসহ সকল আবাসিক হোটেলে বুকিং প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন।

এছাড়া “জেলা ভিত্তিক সর্বোচ্চ ও দীর্ঘসময় আয়কর প্রদানকারী করদাতাদের পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৮” এর আলোকে দেশের প্রতিটি জেলা/সিটি করপোরেশনে বিদ্যমান ০৩ (তিন) জন সর্বোচ্চ আয়কর প্রদানকারী করদাতা ০২ (দুই) জন দীর্ঘসময় আয়কর প্রদানকারী করদাতাসহ আরো ০১ (এক) জন মহিলা এবং ০১ (এক) জন ৪০ (চল্লিশ) বছর বয়সের নীচে তরুণ সর্বোচ্চ আয়কর প্রদানকারী করদাতাকে সম্মাননা প্রদানের সিদ্ধান্ত বোর্ড সভায় গৃহীত হয়।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান, ‘উন্নয়নের অক্সিজেন হলো রাজস্ব। রাজস্ব সংগ্রহে জাতীয় রাজস্ব বোর্ডের উপর মানুষের প্রত্যাশা দিন দিন বাড়ছে। রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং মানুষের প্রত্যাশা পূরণে জাতীয় রাজস্ব বোর্ড সমাজের সব স্তরের মানুষের সহযোগিতা নিয়ে কাজ করছে। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ড দেশের মোট কর রাজস্বের প্রায় ৯৫ শতাংশ, রাজস্ব সম্পদের প্রায় ৮৬ শতাংশ সংগ্রহের পাশাপাশি জাতীয় বাজেটের প্রায় ৬০ শতাংশ যোগান দিয়ে থাকে। তাই সম্মানিত করদাতাদের আধুনিক ও যুগোপযোগী সেবা দেওয়ার পাশাপাশি করদাতাদের সম্মাননা ও সুবিধার বিষয়ে দেয়া হবে সর্বোচ্চ অগ্রাধিকার।’

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া